

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৮২৩ অর্থপূর্ণ নাম রাখা এবং কদর্য নাম পরিবর্তন পরিচ্ছেদঃ ৩৫৭- নাম পরিবর্তন করা।

بَابُ تَحْوِيلِ الاسْمِ إِلَى الاسْمِ

## আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ، قَالَ: حَدَّثَنَا أَبُو غَسَّانَ قَالَ: حَدَّثَنِي أَبُو حَازِمٍ، عَنْ سَهْلِ قَالَ: وَدَّبَنِ أَبِي أُسَيْدٍ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم حِينَ وُلِدَ، فَوَضَعَهُ عَلَى فَخِذِهِ، وَأَبُو أُسَيْدٍ جَالِسٌ، فَلَهَى النَّبِيُّ صلى الله عليه وسلم بِشَيْءٍ بَيْنَ يَدَيْهِ، وَأَمَرَ أَبُو أُسيَدٍ بِابْنِهِ فَاحْتُمِلَ مِنْ فَخِذِ النَّبِيِّ صلى الله عليه وسلم، فَاسْتَفَاقَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَاسْتَفَاقَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ: أَيْنَ الصَّبِيُّ؟ فَقَالَ أَبُو أُسيَد: قَلَبْنَاهُ يَا رَسُولَ اللهِ، قَالَ: مَا اسْمُهُ؟ قَالَ: فُلاَنٌ، قَالَ: لاَ، لَكِنِ اسْمُهُ الْمُنْذِرُ، فَسَمَّاهُ يَوْمَئِذٍ الْمُنْذِرَ.

## বাংলা

৮২৩। সাহল (রাঃ) বলেন, মুন্যির ইবনে আবু উসাইদ জন্মগ্রহণ করলে তাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খেদমতে আনা হলো। তিনি তাকে তার উরুর উপর রাখলেন। আর আবু উসাইদ (রাঃ) তাঁর পাশে উপবিষ্ট ছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সামনের কোন একটি জিনিসে মনোযোগী হয়ে রইলেন। তখন আবু উসাইদ (রাঃ) তার পুত্রকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উরু থেকে তুলে নিতে বললে তাকে তুলে নেয়া হলো। উক্ত বিষয়ের প্রতি মনোযোগ শেষ হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেনঃ বাচ্চাটি কোথায়? আবু উসাইদ (রাঃ) বলেন, হে আল্লাহর রাসূল! আমি তাকে বাড়ী পাঠিয়ে দিয়েছি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেনঃ তার নাম কি? তিনি বলেন, অমুক। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ না, বরং তার নাম মুন্যির। ঐ দিন থেকে তার নাম হলো মুন্যির। -(বুখারী, মুসলিম, ইবনে মাজাহ)

## **English**

Sahl said, "Al-Mundhir ibn Abi Usayd was brought to the Prophet, may Allah bless him and grant him peace, when he was born and the Prophet placed him on his thigh while Abu Usayd was seated near him. The Prophet, may



Allah bless him and grant him peace, was busy with something in front of him, so Abu Usayd told someone to take his son from the Prophet's leg. When the Prophet, may Allah bless him and grant him peace, became aware of it, he asked, 'Where is the child?' Abu Usayd replied, 'We sent him home.' The Prophet asked, 'What is his name?' He replied, 'Such-and-such.' The Prophet said, 'No, rather his name is al-Mundhir.' So we called him al-Mundhir from that day."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন